# সংবাদ



তারিখ ..06.AUG.2015...
পৃষ্ঠা ... কলাম ...


## ঢাবি ছাত্রদলের নতুন কমিটিতে আসছে অছাত্র


বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক


শীঘ্রই আসছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি। ঈদুল ফিতরের আগে কমিটি দেয়ার কথা থাকলেও দেয়া হয়নি। ঈদ শেষে এবার অতি তাড়াতাড়িই এ শাখার কমিটি আসিবে এমন গুঞ্জন শোনা যাচ্ছে। কিন্তু কমিটিতে স্থান পাওয়ার সম্ভাবনা আছে বলে যাদের নাম আলোচনায় আসছে তাদের বিরুদ্ধে শোনা যাচ্ছে নানা অভিযোগ। ছাত্রদলের বিভিন্ন সূত্রে জানা গেছে, ছাত্রের বদলে অছাত্র, মাদক ব্যবসায়ী এবং বিবাহিতরাই স্থান পাচ্ছে নতুন কমিটিতে।

সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় অনুষদ শাখার ভারপ্রাপ্ত আহ্বায়ক নতুন : পৃষ্ঠা : ২ ক : ২

## নতুন : কমিটিতে

(১৬ পৃষ্ঠার পর)

আল মেহেদী তালুকদার ও কবি জসিম উদ্দিন হলের সদস্য আবুল বাশার সিদ্দিকীর সমন্বয়ে কমিটি গঠনের আলোচনা আসছে।

খোঁজ নিয়ে জানা যায়, আল মেহেদী তালুকদার ২০০৬ সালে পুরান ঢাকায় একটি বিয়ে করেন। তার দুই বছর পর প্রথম স্ত্রীকে ডিবোর্স দিয়ে বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে বিয়ে করেন। বর্তমানে তিনি তার সঙ্গে সংসার করছেন বলে জানা গেছে। অন্যদিক আবুল বাশার ২০১১ সালের ১৪ মার্চ ইয়াবা ব্যবসার অভিযোগে শাহবাগের হোটেল ইয়ামেনী ইন্টারন্যাশনালে র‌্যাবের হাতে ধরা পড়েন। পরে শাহবাগ থানায় তার বিরুদ্ধে এসআই অহিদুর রহমান মজুমদার বাদী হয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন। মামলা নং-১৯(১)। যার ভিত্তিতে তিনি ছয় মাস কারাভোগ করেন। ফলে আলোচিতদের নিয়ে নানা হতাশা কাজ করছে ছাত্রদলের নেতাকর্মীদের মাঝে। এ নিয়ে তাদের মধ্যে চলছে নানা সমালোচনা। তাদের মতে অছাত্র, অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত এবং যারা বিয়ে করে সংসার করছে তাদের দিয়ে কমিটি আসলে সাধারণ ছাত্রদের ছাত্রদলের রাজনীতিতে আগ্রহ হারিয়ে যাবে। নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্রদলের কেন্দ্রীয় এক নেতা জানান, কমিটি হওয়া নিয়ে যেটি আলোচনা হয়েছে সেটি বাস্তবায়ন হতেও পারে আবার নাও হতে পারে। তবে ঈদের পর থেকেই এ দুজনের সমন্বয়ে কমিটি হচ্ছে বলে মোটামুটি নিশ্চিত হয়ে গেছে।

অন্য আরেক নেতা বলেন, দীর্ঘদিন কমিটি না থাকায় কর্মীদের মাঝে হতাশা কাজ করছে। সরকারবিরোধী আন্দোলন চাঙ্গা করতে হলে কমিটির বিকল্প নেই। তবে এক্ষেত্রে অবশ্যই যোগ্য নেতাদের দিয়ে কমিটি দেয়া উচিত। আর উর্ধ্বতন নেতাকর্মীরা যেহেতু আছেন তারাই এ বিষয়ে সিদ্ধান্ত নিবেন। যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয় আন্দোলনের সূতিকাগার সেহেতু এ জাতীয় কমিটি গঠনের আগে উর্ধ্বতনরা চিন্তা করে যোগ্যদের দিয়েই কমিটি দিবেন বলে তিনি আশা প্রকাশ করেন।